দৈনিক বাংলা

তারিখ ... 16 AUG 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# পরীক্ষা পদ্ধতি নিয়ে বিভ্রান্ত হবেন না : শিক্ষামন্ত্রী

ঢাকা, ১৫ই আগষ্ট।–শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রী অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী এসএসসি পরীক্ষা নম্বর পদ্ধতি নিয়ে একটি স্বার্থান্বেষী মহলের প্ররোচনায় বিভ্রান্ত না হওয়ার জন্য ছাত্রদের প্রতি

(শেষ পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

**শিক্ষামন্ত্রী** (প্রথম পৃষ্ঠার পর)

আহবানজানিয়েছেন।

তিনি বলেন, নতুন পদ্ধতিতে প্রথম ও দ্বিতীয় বিভাগে পাসের নম্বর বৃদ্ধি করা হয়নি।

মন্ত্রী বৃহস্পতিবার আকস্মিকভাবে শেরে বাংলানগর উচ্চ বালিকা বিদ্যালয় পরিদর্শনকালে একথা বলেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রী বলেন, পরীক্ষা পদ্ধতির উন্নয়ন ও পরীক্ষায় অসদুপায় অবলম্বন রোধকল্পে বিগত সরকার ১৯৮৯ সালে শতকরা ৫০ ভাগ নৈর্ব্যক্তিক প্রশ্ন সংবলিত নতুন পদ্ধতি চালুর সিদ্ধান্ত নেয়। তিনি বলেন, নতুন পদ্ধতির বই লেখা চালু করা হয়েছে এবং সেই অনুযায়ী গত দেড় বছর শিক্ষাদানও করা হয়েছে। এতে কোন আপত্তি ওঠেনি। তিনি দুঃখ প্রকাশ করে বলেন, একটি বিশেষ মহল নিজেদের স্বার্থ হাসিলের উদ্দেশ্যে এ নিয়ে ছাত্রছাত্রীদের মধ্যে ভীতি ও ভুল বুঝাবুঝির সৃষ্টি করেছে।

পরে মন্ত্রী বাংলা মোটরে একটি প্রাথমিক বিদ্যালয়ও পরিদর্শন করেন।

৪